গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.moca.gov.bd)

## শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উদযাপন উপলক্ষে আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব আসাদুজ্জামান নূর, এমপি<br>মাননীয় মন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার স্থান | : | বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় নাট্যশালার সেমিনার হল। |
| সভার তারিখ ও সময় | : | ০৫ জানুয়ারি ২০১৫, বিকাল ০৪.০০ টা |
| সভায় উপস্থিতি | : | সংযুক্তি -১ |

০২। সভার প্রারম্ভে সভাপতি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, শহীদ মুক্তিযোদ্ধা এবং ভাষা শহীদদের প্রতি বিনম্র শ্রদ্ধা জানিয়ে এবং উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার সূচনা করেন। সভাপতি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ পালনের বিষয়ে সভায় উপস্থিত সম্মানিত সুধীমণ্ডলী/কর্মকর্তাবৃন্দকে সুচিন্তিত মতামত ও সুপারিশ প্রদানের আহবান জানান। তিনি একুশের রাতে এবং পরদিন শহীদ মিনার প্রাঙ্গণ ও আজিমপুর কবরস্থান এলাকার আইন-শৃঙ্খলা পরিস্থিতি যথাযথভাবে নিয়ন্ত্রণের বিষয়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের বিশেষভাবে তৎপর থাকার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। এছাড়া একুশের বইমেলা চলাকালীন মেলা প্রাঙ্গনে আইন-শৃঙ্খলা রক্ষার বিষয়ে তৎপর থাকার জন্যও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের নির্দেশনা দেন। অত:পর সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব ড. রণজিৎ কুমার বিশ্বাস, এনডিসি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ এর খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনার পর শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ যথাযথ মর্যাদায় উদযাপনের উদ্দেশ্যে নিম্নলিখিত কর্মসূচি গৃহীত হয় :

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১. | একুশে ফ্রেব্রুয়ারি দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান এবং সরকারি, আধাসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানসমূহের ভবনে ও বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, সকল সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান এবং বেসরকারি ভবনসমূহ স্ব স্ব উদ্যোগে। |
| ২. | জাতীয় অনুষ্ঠানের সঙ্গে সংগতি রেখে জেলা/উপজেলা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উদ্‌যাপনের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | শিক্ষা মন্ত্রণালয়<br>এবং<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ৩. | জাতীয় অনুষ্ঠানের সঙ্গে সংগতি রেখে সকল সিটি কর্পোরেশন, পৌরসভা, জেলা পরিষদ, উপজেলা পরিষদ ও ইউনিয়ন পরিষদসমূহে যথাযোগ্য মার্যাদায় শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উদ্‌যাপনের লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | স্থানীয় সরকার বিভাগ |
| ৪. | ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, সিনেট সদস্যবৃন্দ, বিশ্ববিদ্যালয় অফিসার/ কর্মচারী পরিষদ ও সংশ্লিষ্ট অন্যান্যদের সঙ্গে আলোচনার মাধ্যমে শহীদ দিবস ও | ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ উদ্‌যাপন উপলক্ষে কেন্দ্রীয় শহীদ মিনার এলাকায় কর্মসূচি প্রণয়ন ও চূড়ান্ত করবেন। | |
| ৫. | কেন্দ্রীয় শহীদ মিনার এবং ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় বিভিন্ন অনুষ্ঠানমালা আয়োজনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদান করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>ও<br>অর্থ মন্ত্রণালয় |
| ৬. | কেন্দ্রীয় শহীদ মিনারসহ বিশ্ববিদ্যালয় এলাকা এবং শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস অনুষ্ঠান পালনে নিয়োজিত সকল প্রতিষ্ঠান ও সংলগ্ন এলাকায় নিরাপত্তা ব্যবস্থা জোরদার করা হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ/ র‍্যাব |
| ৭. | সকল সরকারি ও বেসরকারি টেলিভিশন, রেডিও চ্যানেল এবং কমিউনিটি রেডিওসমূহ একুশের অনুষ্ঠানমালা প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য মন্ত্রণালয়/বিটিভি/বাংলাদেশ বেতার/ সকল বেসরকারি টেলিভিশন চ্যানেল / বেতার/কমিউনিটি রেডিও |
| ৮. | বাংলা একাডেমি চত্বরে অনুষ্ঠেয় একুশে বইমেলার নিরাপত্তা জোরদার করার জন্য আইন প্রয়োগকারী সকল সংস্থা বিশেষত: ঢাকা মেট্রোপলিটন পুলিশ ও র‍্যাব প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়<br>স্বরাষ্ট্র মন্ত্রণালয়<br>বাংলা একাডেমি |
| ৯. | ঢাকা শহরের নিম্নোক্ত সড়ক দ্বীপসমূহ এবং অন্যান্য গুরুত্বপূর্ণ সুবিধাজনক স্থানসমূহে বাংলা বর্ণমালা সম্বলিত ফেস্টুন দ্বারা সজ্জিত করতে হবে :<br>(ক) হোটেল রূপসী বাংলা এবং হোটেল সোনারগাঁও-এর সম্মুখস্থ সড়ক দ্বীপ।<br>(খ) শিক্ষা ভবন থেকে পররাষ্ট্র মন্ত্রণালয় পর্যন্ত সড়ক দ্বীপসমূহ।<br>(গ) হযরত শাহাজালাল আন্তর্জাতিক বিমান বন্দরের সড়ক দ্বীপসমূহ ।<br>(ঘ) প্রধানমন্ত্রীর কার্যালয়ের সম্মুখস্থ সড়ক দ্বীপ।<br>(ঙ) শাপলা চত্বর, মতিঝিল।<br>(চ) শহীদ মিনার থেকে আজিমপুর কবর স্থান পর্যন্ত সড়ক দ্বীপসমূহ।<br>(ছ) ছাত্র-শিক্ষক কেন্দ্র ও কার্জন হল সম্মুখস্থ সড়ক দ্বীপসমূহ ।<br>(জ) বাংলাদেশ জাতীয় জাদুঘরের সম্মুখের সড়ক দ্বীপসমূহ ।<br>(ঝ) ঢাকা শহরের প্রবেশমুখ সমূহ।<br>(ঞ) চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয় | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন /ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/সড়ক ও জনপথ বিভাগ<br><br>গণপূর্ত বিভাগ<br><br>বাংলা একাডেমি<br>বাংলাদেশ জাতীয় জাদুঘর |
| ১০. | একুশে ফেব্রুয়ারি রাতে শিক্ষাভবন থেকে কেন্দ্রীয় শহীদ মিনার হয়ে আজিমপুর কবরস্থান পর্যন্ত সড়ক ও আজিমপুর কবরস্থানে প্রয়োজনীয় আলোর ব্যবস্থা করতে হবে। রাস্তাঘাট পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা করতে হবে। বিকল্প ব্যবস্থা হিসেবে প্রয়োজনীয় সংখ্যক জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে। জেনারেটর স্থাপনের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পিডিবি, ডিপিডিসি ও গণপূর্ত বিভাগের সঙ্গে যোগাযোগ রেখে জেনারেটর প্রাপ্তির বিষয়টি নিশ্চিত করবে। | ঢাকা বিশ্ববিদ্যালয়/<br>ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/<br>ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ (ডিপিডিসি)/পিডিবি/ গণপূর্ত অধিদপ্তর/ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স |
| ১১. | কেন্দ্রীয় শহীদ মিনারের আশে পাশের এলাকা ও আজিমপুর কবরস্থান পর্যন্ত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/<br>ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোঃ (ডিপিডিসি)। |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১২. | একুশে ফেব্রুয়ারি রাতে অনুকূল পরিবেশ সৃষ্টির ব্যবস্থা করা, যেন রাষ্ট্রপ্রধান এবং সরকার প্রধান পূর্বের ঐতিহ্য বজায় রেখে শহীদ মিনারে উপস্থিত হতে পারেন। রাষ্ট্রপ্রধান এবং সরকার প্রধান শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের জন্য কখন শহীদ মিনারে পুষ্প স্তবক অর্পণ করবেন, সে বিষয়ে রাষ্ট্রপতির কার্যালয় এবং প্রধানমন্ত্রীর কার্যালয়ের সাথে আলোচনা করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এবং এস.এস.এফ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে । | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/<br>ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ/<br>এস.এস.এফ/<br>গণপূর্ত আরবারি কালচার বিভাগ। |
| ১৩. | রাষ্ট্রপ্রধান এবং সরকার প্রধান শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদনের পরপরই বিরোধী দলীয় নেতার শ্রদ্ধা নিবেদনের বিষয়ে মাননীয় বিরোধী দলীয় নেতার দপ্তরের সঙ্গে আলোচনা করে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় সময় নির্ধারণ ও তদনুযায়ী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ঢাকা বিশ্ববিদ্যালয়/<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ/<br>এস.এস.এফ/ র‌্যাব |
| ১৪. | ঢাকাস্থ বিদেশী দূতাবাসের প্রতিনিধিগণ যেন শহীদ মিনারে উপস্থিত হয়ে শহীদদের প্রতি শ্রদ্ধা নিবেদন করতে পারেন, সে বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয় ঢাকাস্থ বিদেশী দূতাবাসসমূহের সাথে প্রয়োজনীয় যোগাযোগ করবে। পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সময় নির্ধারণসহ এ বিষয়ে সম্মিলিতভাবে ব্যবস্থা গ্রহণ করবে এবং বিদেশী দূতাবাসের প্রতিনিধিগণের গাড়ী পার্কিং-এর জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় খেলার মাঠে প্রথম সারিতে স্থান চিহ্নিত রাখতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/ স্বরাষ্ট্র মন্ত্রণালয়/<br>ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/<br>ঢাকা মেট্রোপলিটন পুলিশ। |
| ১৫. | ২১ ফেব্রুয়ারি রাতে ও দিনে শহীদ মিনার চত্বর এবং আজিমপুর কবরস্থান এলাকায় অতিরিক্ত জনসমাবেশ/ ভিড় নিয়ন্ত্রণ করে অপ্রীতিকর পরিস্থিতি রোধ করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ পুলিশ বিভাগকে এ সকল বিষয়ে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ/ ঢাকা মেট্রোপলিটন পুলিশ। |
| ১৬. | ১। একুশে ফেব্রুয়ারির দিনে শহীদ মিনার এলাকার আশে পাশে অন্তত; ১০টি স্থানে ঢাকা ওয়াসা খাবার পানি সরবরাহ করবে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে পানি সরবরাহের স্থান নির্ধারণ করতে হবে।<br>২। বাংলা একাডেমিতে মাসব্যাপী বইমেলা চলাকালীন ৫টি স্থানে ঢাকা ওয়াসা খাবার পানি সরবরাহ করবে। এছাড়া ঢাকা দক্ষিণ সিটিকর্পোরেশন মাসব্যাপী মেলায় পানি ছিটানোর ব্যবস্থা নিবে। | ঢাকা বিশ্ববিদ্যালয়/<br>ঢাকা ওয়াসা/ঢাকা দক্ষিণ<br>সিটিকর্পোরেশন/<br>বাংলা একাডেমি |
| ১৭. | আজিমপুর কবরস্থানে ফাতেহা পাঠ ও কোরআন খানির আয়োজন করতে হবে। ভাষা শহীদদের রুহের মাগফেরাতের জন্য মোনাজাতের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়/<br>ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ |
| ১৮. | শহীদ মিনারের আশেপাশে সুবিধাজনক স্থানে কমপক্ষে ১০টি ভ্রাম্যমাণ টয়লেট স্থাপন করতে হবে। মহিলাদের জন্য অতিরিক্ত ২টি ভ্রাম্যমাণ টয়লেট স্থাপন করতে হবে। বাংলা একাডেমিতে ০১ ফেব্রুয়ারি ২০১৫ হতে এক মাসের জন্য ২টি ভ্রাম্যমাণ টয়লেট স্থাপন করতে হবে। এছাড়া সোহরাওয়ার্দি উদ্যানে মুক্ত মঞ্চে যে সকল টয়লেট রয়েছে তা গণপূর্ত অধিদপ্তর মেরামত করে ব্যবহার উপযোগি করবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/গণপূর্ত অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| ১৯. | দেশের সকল মসজিদ, মন্দির, গীর্জা ও অন্যান্য উপাসনালয়ে ভাষা শহীদদের রুহের মাগফেরাতের জন্য নিজ নিজ ব্যবস্থাপনায় প্রার্থনার আয়োজন। | ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ২০. | **বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং বেসরকারি বেতার, টেলিভিশনে বিশেষ অনুষ্ঠানমালা সম্প্রচার এবং সংবাদ পত্রে ব্যাপক প্রচারের ব্যবস্থা করণ:** | |
| | ১. অন্যান্য বছরের ন্যায় এ বছরও বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন এবং বেসরকারি বেতার, টেলিভিশন ও কমিউনিটি রেডিও বিশেষ অনুষ্ঠানমালা সম্প্রচার এবং সংবাদপত্রসমূহে ক্রোড়পত্র ইত্যাদি প্রকাশের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। মহান একুশের কর্মসূচি প্রসঙ্গে সংবাদ, আলোক চিত্র/ ভিডিও ইত্যাদি বিশেষ করে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থা বাংলা একাডেমি, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, বাংলাদেশ জাতীয় জাদুঘর, নজরুল ইন্সটিটিউট, জাতীয় গ্রন্থকেন্দ্র, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট-এর কর্মসূচি সম্প্রচারে অগ্রাধিকার প্রদান করতে হবে। সংশ্লিষ্ট টেলিভিশনের নিউজ এডিটরগণ এই সকল সংবাদ এর সমন্বয় সাধন ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। সংশ্লিষ্ট সংস্থাসমূহ তাদের স্ব স্ব কর্মসূচি বিভিন্ন বেতার এবং টেলিভিশনের নিউজ এডিটরগণকে অবহিত করবে। | তথ্য মন্ত্রণালয়/বাংলাদেশ টেলিভিশন/বাংলাদেশ বেতার/ডিএফপি/ বাংলা একাডেমি/ বাংলাদেশ শিল্পকলা একাডেমী/ বাংলাদেশ জাতীয় জাদুঘর/ নজরুল ইন্সটিটিউট /জাতীয় গ্রন্থকেন্দ্র/ বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন/ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট/ গণযোগাযোগ অধিদপ্তর/বেসরকারি বেতার/ বেসরকারি টেলিভিশন চ্যানেলসমূহ |
| | ২. গণযোগাযোগ অধিদপ্তর ঢাকা মহানগরীতে ট্রাকের মাধ্যমে রাজপথে ভ্রাম্যমাণ সঙ্গীতানুষ্ঠান এবং নৌযানের সাহায্যে ঢাকা শহর সংলগ্ন নৌপথে সঙ্গীতানুষ্ঠানের আয়োজনসহ জেলা-উপজেলায় ভ্রাম্যমাণ চলচ্চিত্র প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করবে। ডিএফপি এ উপলক্ষে পোস্টার ছাপাবে এবং গণযোগাযোগ অধিদপ্তর তা বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। একুশে ফেব্রুয়ারির অন্তত: এক সপ্তাহ পূর্বে জেলা পর্যায়ে পোস্টার পৌঁছাতে হবে। জেলা প্রশাসকগণ কর্তৃক উক্ত পোস্টার দ্রুত উপজেলায় বিতরণের ব্যবস্থা গ্রহণ করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ/ জনপ্রশাসন মন্ত্রণালয়/ তথ্য মন্ত্রণালয়/গণযোগাযোগ অধিদপ্তর/ডিএফপি/জেলা প্রশাসকগণ |
| | ৩. উক্ত দিনে দেশি-বিদেশি সাংবাদিকদের জন্য সিকিউরিটি পাশের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/স্পেশাল ব্রাঞ্চ/ ঢাকা মেট্রোপলিটন পুলিশ |
| ২১. | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ শহীদ দিবস ও আর্ন্তজাতিক মার্তৃভাষা দিবস ২০১৫ উদ্‌যাপন উপলক্ষে যথাযথ ব্যবস্থা গ্রহণ করবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়। |
| ২২. | **গ্রন্থমেলা, আলোচনা সভা, সেমিনার, সিম্পোজিয়াম, সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন :** | |
| | ১। বাংলা একাডেমিতে ০১ ফেব্রুয়ারি ২০১৫ থেকে মাসব্যাপী বইমেলার আয়োজন করা হবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি, বাংলাদেশ জাতীয় জাদুঘর, জাতীয় গ্রন্থকেন্দ্র, নজরুল ইন্সটিটিউট,এবং ইসলামিক ফাউন্ডেশনসহ বিভিন্ন প্রকাশনা সংস্থা এ গ্রন্থমেলায় অংশগ্রহণ করা হবে। অপরদিকে ইসলামিক ফাউন্ডেশনের নিজস্ব ব্যবস্থাপনায় বায়তুল মোকাররম চত্বরে অপর একটি গ্রন্থমেলার আয়োজন করা হবে। এ মেলাতেও অনুরূপভাবে বাংলা একাডেমিসহ বিভিন্ন প্রকাশনা সংস্থা অংশ গ্রহণ করবে। | বাংলা একাডেমি/ বাংলাদেশ শিল্পকলা একাডেমি/ নজরুল ইন্সটিটিউট/ জাতীয় গ্রন্থকেন্দ্র/ ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ/ বাংলাদেশ জাতীয় জাদুঘর/ বাংলাদেশ শিশু একাডেমি। |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
| --- | --- | --- |
| | ২। ভাষা আন্দোলনের অমর শহীদদের স্মৃতির উদ্দেশে আলোচনা সভা, সেমিনার, সাংস্কৃতিক অনুষ্ঠান, আবৃত্তি অনুষ্ঠান, নান্দনিক হস্তাক্ষর লেখা প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতার আয়োজন করতে হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর/ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট বাংলাদেশ শিশু একাডেমি/ বাংলা একাডেমি/ বাংলাদেশ শিল্পকলা একাডেমী/ বাংলাদেশ জাতীয় জাদুঘর/ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর/জাতীয় গ্রন্থকেন্দ্র/ বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন/ ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইন্সটিটিউট, খাগড়াছড়ি, বান্দরবান ও রাংগামাটি/ কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র/ ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক একাডেমি (বিরিশিরি) নেত্রকোনা/ রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি/ মণিপুরী ললিতকলা একাডেমি/ আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট |
| | ৩। যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে মাদ্রাসাসহ দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করবে। | শিক্ষা মন্ত্রণালয়/প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়/ গণগ্রন্থাগার অধিদপ্তর এবং অন্যান্য সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা |
| ২৩. | **শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদযাপন সম্পর্কিত অন্যান্য কর্মসূচি :** | |
| | (ক) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ২১ ফেব্রুয়ারি রাতে কেন্দ্রীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করা হবে। ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় আলোচনাক্রমে সময় নির্ধারণ করবে। | ঢাকা বিশ্ববিদ্যালয়/সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| | (খ) বাংলাদেশ শিল্পকলা একাডেমী সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি |
| | (গ) অমর একুশে গ্রন্থমেলা চলাকালীন দোয়েল চত্বর হতে টিএসসি পর্যন্ত প্রয়োজনীয় ফেস্টোন/তোরণ/ব্যানারের ব্যবস্থা করতে হবে। এছাড়া ফেব্রুয়ারি ২০১৫ মাসে দোয়েল চত্বর হতে টিএসসি পর্যন্ত ঢাকা দক্ষিণ সিটিকর্পোরেশন অন্য কোন প্রতিষ্ঠানকে স্থান ভাড়া বা বরাদ্দ প্রদান করবে না। | বাংলা একাডেমি/ ঢাকা দক্ষিণ সিটিকর্পোরেশন। |
| | (ঘ) সোহরাওয়ার্দী উদ্যান সংলগ্ন এলাকায় সাময়িকভাবে প্রয়োজনীয় সংখ্যক টয়লেটের ব্যবস্থা করতে হবে। এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। | গণপূর্ত অধিদপ্তর/ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| | (ঙ) অমর একুশে গ্রন্থমেলা ও অনুষ্ঠানমালা সুষ্ঠুভাবে উদ্‌যাপন করার জন্য ০১ ফেব্রুয়ারি ২০১৫ থেকে মাসব্যাপী বাংলা একাডেমির সার্বিক নিরাপত্তার স্বার্থে বাংলা একাডেমির অভ্যন্তরে এবং সোহরাওয়ার্দি উদ্যানে সার্বক্ষণিকভাবে প্রয়োজনীয় সংখ্যক র‍্যাব সদস্য ও আর্মড ফোর্স মোতায়েন রাখতে হবে। এছাড়া বহিরাগতদের প্রত্যেককে যথাযথভাবে পরীক্ষা করে একাডেমির অভ্যন্তরে ও সহরাওয়ার্দি উদ্যানে প্রবেশ করানোর জন্য একাডেমির প্রধান ফটকে ও সহরাওয়ার্দি উদ্যানে ০৮টি আর্চওয়ে ও মেটাল ডিটেক্টর বসানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ ঢাকা মেট্রেপলিটন পুলিশ/ র‍্যাব/বাংলা একাডেমি । |

| ক্রমিক | কর্মসূচি | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|
| | (চ) অমর একুশে গ্রন্থমেলা উপলক্ষে মেলাপ্রাঙ্গনে অগ্নিকাণ্ড প্রতিরোধকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিটি স্টলে একটি ফায়ার ইক্সটিংগুইশার রাখা বাধ্যতামূলক করতে হবে। | ফায়ার সার্ভিস কর্তৃপক্ষ/ বাংলা একাডেমি/ ঢাকা বিশ্ববিদ্যালয়। |
| | (ছ) মেলা চলাকালীন সার্বক্ষণিক বিদ্যুৎ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় সংখ্যক এবং উপযুক্ত ক্ষমতাসম্পন্ন জেনারেটরের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়/ ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোং/ পিডিবি/ঢাকা বিশ্ববিদ্যালয় |
| | (জ) জরুরী চিকিৎসার প্রয়োজনে সার্বক্ষণিক চিকিৎসা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষে শহীদ মিনার এলাকায় এবং বাংলা একাডেমির মেলা চলাকালীন তিনটি সার্বক্ষণিক চিকিৎসা ক্যাম্প স্থাপন করতে হবে। | ঢাকা মেডিকেল কলেজ/সিভিল সার্জন, ঢাকা/ বাংলাদেশ রেডক্রিসেন্ট সোসাইটি/ বাংলা একাডেমি। |
| | (ঝ) ধুলাবালি রোধকল্পে মেলা চলাকালীন সময় সংশ্লিষ্ট এলাকায় পানি ছিটানোর ব্যবস্থা করতে হবে। | ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন/ ঢাকা ওয়াসা। |
| ২৫. | **জেলা সদর ও উপজেলা সদরের কর্মসূচি :** সকল জেলা সদর ও উপজেলা সদরে জেলা উপজেলা প্রশাসন যথাযোগ্য মর্যাদার সাথে দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করবে। যে সকল উপজেলায় ক্ষুদ্র নৃগোষ্ঠী রয়েছে সে সকল উপজেলার প্রশাসন ক্ষুদ্র নৃগোষ্ঠী জনগণের জন্য একুশে ফেব্রুয়ারি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠান আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে জেলা ও উপজেলা পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | মন্ত্রিপরিষদ বিভাগ/ জনপ্রশাসন মন্ত্রণালয়/শিক্ষা মন্ত্রণালয়/ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, কমিশনার (সকল বিভাগ)/ জেলা প্রশাসক (সকল জেলা)/ উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল)/ উপসচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |

০৪। সভাপতি শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০১৫ যথাযথভাবে উদযাপনের লক্ষে সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পুনরায় অনুরোধ জানান।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আসাদুজ্জামান নূর, এমপি
মন্ত্রী
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
১২.১.১৫

Meeting-470